

আজ ক্লাস শুরু হচ্ছে

বুয়েটে শিক্ষক সমিতির কর্মবিরতি স্থগিত

কাগজ প্রতিবেদক : প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে শিক্ষক সমিতি তাদের কর্মবিরতি স্থগিত করেছে। ফলে একমাসের বেশি অচলাবস্থা চলার পর আজ থেকে আবার বুয়েটে ক্লাস শুরু হবে। সমিতির সাধারণ সভায় গতকাল সোমবার ৩ দফা শর্ত সাপেক্ষে কর্মবিরতি প্রত্যাহার করা হয়। সমিতি আরোপিত শর্ত ৩টি হচ্ছে গত ৪ মে তারিখে উপাচার্য প্রফেসর ইকবাল মাহমুদের দাখিল করা পদত্যাগপত্র কোনোক্রমেই গ্রহণ করা যাবে না এবং পূর্ণ মর্যাদাসহ তাকে অবাধে দায়িত্ব পালন করতে দিতে হবে, বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমে সরকারি বা বহিরাগত কারো হস্তক্ষেপ বরদাস্ত করা হবে না এবং সরকারি সহযোগিতা ক্ষেত্রে কোনো বৈষম্য করা চলবে না।

সমিতির সভাপতি ড. আবদুর রাজ্জাক আকন্দের সভাপতিত্বে অনুষ্ঠিত সাধারণ সভায় আরো বলা হয়; একমাসেরও বেশি অচলাবস্থা চলার পরে বুয়েটের সংকট নিরসনে চ্যান্সেলরের (প্রধানমন্ত্রী শেখ হাসিনা) উদ্যোগহীনতায় শিক্ষকরা ক্ষুব্ধ ও হতাশাগ্রস্ত। সভায় চ্যান্সেলরের কাছে দেওয়া স্মারকলিপির আবেদন অনুযায়ী শিক্ষকদেরকে আশ্বস্ত করার জন্য প্রধানমন্ত্রীর প্রতি অনুরোধ জানানো হয়।

সভায় বলা হয় রোববার উপাচার্যের আহ্বানের প্রেক্ষিতে এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক শৃঙ্খলা রক্ষার ভাগিতে শিক্ষকরা তাদের কর্মবিরতি স্থগিত করেন।